

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ১৮৬(আগরতলা, ২০১৪)  
বিশ্রামগঞ্জ, ২০ এপ্রিল ২০১৭

**সিপাহীজলায় ছাত্র-ছাত্রীদের জন্য ৫১৫৬টি বেঞ্চ**

সিপাহীজলা জেলার অন্তর্গত বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পঠন-পাঠনের সুবিধার্থে ৫ হাজার ১৫৬টি বেঞ্চ প্রদানের কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এর মধ্যে সিপাহীজলা জেলা প্রশাসনের মাধ্যমে ১৪৮টি বিদ্যালয়ে ৩ হাজার ১০৫টি বেঞ্চ প্রদানের কর্মসূচি রয়েছে। বিদ্যালয়গুলির মধ্যে বক্সনগর ব্লক থেকে ২২টি, কাঁঠালিয়া ব্লক থেকে ২৫টি, চড়িলাম ব্লক থেকে ১২টি, বিশালগড় ও জম্পুইজলা ব্লক থেকে যথাক্রমে ৬৬টি ও ২৩টি বিদ্যালয়ে বেঞ্চ প্রদান করা হবে। চলতি অর্থবছরে বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে নিজস্ব পরিকাঠামোগত সংস্কার প্রকল্পের মাধ্যমে সিপাহীজলা জেলার অন্তর্গত ১২৩টি বিভিন্ন বিদ্যালয়ে ২ হাজার ৫১টি বেঞ্চ প্রদানের কর্মসূচি রয়েছে। এর মধ্যে বক্সনগর ব্লকের ৩০টি বিদ্যালয়ে ৯৮৫টি, নলছড় ব্লকের ৪২টি বিদ্যালয়ের ৫৩৭টি, কাঁঠালিয়া ব্লকের ৩০টি বিদ্যালয়ে ১২৭টি, মোহনভোগ ব্লকের ১৭টি বিদ্যালয়ের ৩০২টি, বিশালগড় ব্লকের ৩টি বিদ্যালয়ে ৮০টি ও মেলাঘর পুর পরিষদের অন্তর্ভুক্ত ১টি বিদ্যালয়ে ২০টি বেঞ্চ প্রদানের প্রস্তাব রয়েছে।

\*\*\*\*\*

This document was converted using  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at www.SmartPDFConverter.com